সংবাদ

তারিখ AUG 14 2006
পৃষ্ঠা কলাম ৩



কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশনরত কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা গতকাল চোখে কালো কাপড় বেঁধে প্রতিবাদ জানান —সংবাদ

# চোখে কালো কাপড় বেঁধে অনশনরত শিক্ষকদের প্রতিবাদ

নিজস্ব বার্তা পরিবেশক

আমরণ অনশনরত কমিউনিটি শিক্ষকরা দাবি মেনে নেয়ার ব্যাপারে সরকারের নীরব ভূমিকার প্রতিবাদে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারের অনশনস্থলে চোখে কালো কাপড় বেঁধে বিক্ষোভ করেছেন। আজ তারা মুখে কালো কাপড় বেঁধে একই স্থানে মানব প্রাচীর তৈরি করবেন। এদিকে বেসরকারি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতাসহ সব ক্ষেত্রে সরকারি শিক্ষকদের সমান সুযোগ-সুবিধার দাবিতে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের লাগাতার ধর্মঘট চলছে। কয়েকটি সংগঠন ধর্মঘট স্থগিত

প্রতিবাদ : পৃ: ২ ক: ৮

## প্রতিবাদ : কাপড় বেঁধে

(১ম পৃষ্ঠার পর)

করে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিয়েছে।

কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা চাকরি জাতীয়করণের এক দফা দাবিতে ১৩ দিন ধরে বিদ্যালয় বন্ধ রেখেছে। এত দিনেও সরকারের কোন উদ্যোগ না থাকায় সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য এই শিক্ষকরা ৭ দিন ধরে কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন পালন করছেন। কিন্তু সরকার তাদের দিকে ফিরেও তাকাচ্ছে না। সরকারের নীরব ভূমিকা আর উদাসীনতার প্রতিবাদে কমিউনিটি শিক্ষকরা তাদের আমরণ অনশনস্থল কেন্দ্রীয় শহীদ মিনারেই তাদের চোখে কালো কাপড় বেঁধে প্রতিবাদ করেছেন। আজ মুখে কালো কাপড় বেঁধে মানব প্রাচীর তৈরি করা হবে।

কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হাবিবুল আহসান বাবলু 'সংবাদ'কে বলেন, সরকার একটি বিশেষ মহলের দ্বারা প্রভাবিত হয়ে কমিউনিটি শিক্ষকদের সঙ্গে এরকম আচরণ করছে। বলেন, কোন বিশেষ মহলই এবারের লন থামাতে পারবে না। সরকারকে ানতেই হবে।

কে বেসরকারি শিক্ষক সংগঠনের ন্দ বলেছেন, সরকার শিক্ষকদের লন ভিন্ন দিকে প্রভাবিত করার জন্য া ১০ ভাগ বেতনের সঙ্গে নতুন শর্ত দিয়েছে। শিক্ষকরা সরকারের এ বুঝতে পেরেছে। তাই সরকারের কে পাশ কাটিয়ে শিক্ষকরা তাদের াবি আদায়ের আন্দোলন অব্যাহত হ। প্রয়োজনে আরও নতুন কর্মসূচি